



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২২

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

বিষয়: খুলনা জেলার সদর উপজেলাধীন মাওলানা ভাষানী বিদ্যাপিঠ গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: ক) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৩ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার সদর উপজেলাধীন মাওলানা ভাষানী বিদ্যাপিঠ (গার্লস স্কুল এন্ড কলেজ)-এর জনাব মো: জাকারিয়া, প্রভাষক, ফিন্যান্স ব্যাংকিং ও বীমা-এর বিভিন্ন অভিযোগে চূড়ান্ত বরখাস্ত অনুমোদন করার জন্য প্রতিষ্ঠানের সিদ্ধান্ত মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে আবেদন করেন। ১৬-০৫-২০২২ খ্রি. তারিখে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৩ তম সভায় আলোচনার জন্য আলোচ্যসূচিতে রাখা হয়। বাদীর পক্ষে কলেজের অফিস সহকারী সভায় হাজির হন। বিবাদী অনুপস্থিত ছিলেন। আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভায় অধ্যক্ষের প্রতিনিধি হিসেবে কলেজের অফিস সহকারীকে প্রেরণ করায় আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভায় সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে কারণ দর্শানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১৬-০৫-২০২২ খ্রি. তারিখের এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষের প্রতিনিধি হিসেবে কলেজের অফিস সহকারী-কে প্রেরণ করায় কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র জারির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১৩-৬-২০২২

কে এম রক্ষানী

কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১৬৮৬৩৮

অধ্যক্ষ, মাওলানা ভাষানী বিদ্যাপিঠ (গার্লস স্কুল এন্ড

কলেজ)

খুলনা সদর, খুলনা

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২২/১(৫)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৩) সভাপতি, গভর্নিং বডি, মাওলানা ভাষানী বিদ্যাপিঠ (গার্লস স্কুল এন্ড কলেজ), খুলনা সদর, খুলনা
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১৩-৬-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক